

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. প্রথম অনুচ্ছেদ - ঝড় তুফানের সময়

بَابٌ فِي الرِّيَاحِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَيْسَتِ السَّنَةُ بِأَنْ لَا تُمْطَرُوا وَلَا تُنْبِتُ الْأَرْضُ شَيْئًا» . رَوَاهُ مُسلم

#### বাংলা

১৫১৫-[৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বৃষ্টি না হওয়া প্রকৃত দুর্ভিক্ষ নয়। বরং প্রকৃত দুর্ভিক্ষ হলো, তোমরা বৃষ্টির পর বৃষ্টি লাভ করতে থাকবে অথচ মাটি ফসল উৎপাদন করবে না। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৯০৪, আহমাদ ৮৭০৩, ইবনু হিব্বান ৯৯৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৪৮০, সহীহ আল জামি' আস্ সগীর ৫৪৪৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أن تمطروا وتمطروا، ولا تنبت الأرض شيئًا) তোমাদের প্রতি প্রচুর পরিমাণে বৃষ্টি বর্ষিত হবে আর তোমাদের প্রতি বৃষ্টি বর্ষিত হবে অথচ জমিন কোন কিছুর উৎপাদান করবে না। তথা তোমরা ধারণা কর না যে রিযক্ক (রিজিক/রিযিক) ও বারাকাত শুধুমাত্র বৃষ্টিতে বরং রিযক্ক (রিজিক/রিযিক) আল্লাহর পক্ষ হতে এবং এমন বৃষ্টি রয়েছে যাতে কোন উৎপাদিত হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন